# ১৪ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ০৮.১১.২০১৩
[কোড : হোয়াংহো]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. 'ইউসুফ জোলেখা' কাব্যের লেখক কে?**

ক. যশোরাজ খান খ. শাহ মুহম্মদ সগীর
গ. মীর মশাররফ হোসেন ঘ. বিজয় গুপ্ত

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রাচীনতম মুসলিম কবি শাহ মুহম্মদ সগীর ফার্সি কবি জামী রচিত 'ইউসুফ ওয়া জুলয়খা' (ফারসি ভাষা) অবলম্বনে 'ইউসুফ জোলেখা' (পনের শতক) কাব্য অনুবাদ করেন। এ কাব্যটি বাংলা সাহিত্যের প্রথম প্রণয়োপাখ্যান।

**০২. কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর? মানুষের মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর। পঙ্ক্তিটির রচয়িতা কে?**

ক. শেখ ফজলল করিম খ. মোজাম্মেল হক
গ. মোহিত লাল মজুমদার ঘ. জীবনানন্দ দাশ

উত্তর ✓ ক ব্যাখ্যা উক্ত চরণটি শেখ ফজলল করিম রচিত 'স্বর্গ ও নরক' কবিতার অন্তর্গত।

**০৩. কোন নাটকটি সেলিম আল দীনের?**

ক. পায়ের আওয়াজ পাওয়া যায় খ. কবর
গ. সুবচন নির্বাসনে ঘ. মুনতাসীর ফ্যান্টাসী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় নাটক ও রচয়িতা :

| নাটক | নাট্যকার |
|---|---|
| পায়ের আওয়াজ পাওয়া যায় | সৈয়দ শামসুল হক |
| মুনতাসীর ফ্যান্টাসী | সেলিম আল দীন |
| সুবচন নির্বাসনে | আবদুল্লাহ আল মামুন |
| কবর | মুনীর চৌধুরী |

**০৪. 'প্রভাত সূর্যের' সমার্থক শব্দ কোনটি?**

ক. পূরণ খ. দিনমণি
গ. অরুণ ঘ. ভানু

উত্তর ✓ গ ব্যাখ্যা অপশনে 'দিনমণি, অরুণ ও ভানু' সূর্যের সমার্থক শব্দ কিন্তু এখানে 'প্রভাত সূর্যের' কথা বলা হয়েছে, তাই সদ্য উদিত সূর্য (সকালের সূর্য) দ্বারা অরুণকে ইঙ্গিত করা হয়েছে।

**০৫. 'হরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক. পূরণ খ. গ্রহণ
গ. মুক্ত ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| হরদম | কদাচিৎ | হৃদ্যতা | কপটতা/শত্রুতা |
| হৃদ্য | কপট | হলাহল | অমৃত |

**০৬. বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?**

ক. বিশেষণ পদের খ. অব্যয় পদের
গ. নাম পদের ঘ. ক্রিয়া বিশেষণ পদের

উত্তর ✓ গ ব্যাখ্যা √কৃ + ণক (অক) = কারক, অর্থাৎ যে করে বা যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের (বিশেষ্য বা সর্বনাম পদের কিংবা বিশেষ্যের অর্থে ব্যবহৃত কোনো পদের) যে সম্বন্ধ থাকে, তাকে কারক বলে। যেমন : ছেলেটি ভালো ফুটবল খেলে।

**০৭. অধিকরণ কারকের উদাহরণ কোনটি?**

ক. তিলে তৈল আছে খ. দুধ থেকে ঘি হয়
গ. তিল থেকে তেল হয় ঘ. মেঘ থেকে বৃষ্টি হয়

উত্তর ✓ ক ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে 'অধিকরণ কারক' বলে। যেমন : প্রভাতে সূর্য ওঠে। (কাল বা সময়); পুকুরে মাছ আছে (আধার বা স্থান)

**০৮. 'তিনি ব্যাকরণে পণ্ডিত' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্মে সপ্তমী খ. করণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা যে স্থানে বা সময়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। কোথায়, কোন স্থানে, কখন, কোন সময়ে, কবে, কোন বিষয়ে বা ব্যাপারে ইত্যাদি নানা প্রশ্ন ক্রিয়াপদ ধরে করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। যেমন : তারা সকালে পড়ে।

**০৯. কোনটি শুদ্ধ বানান?**

ক. MISIONARY খ. MISSIONARY
গ. MISIONERY ঘ. MISSIONERY

উত্তর ✓ খ ব্যাখ্যা Missionary (N) – ধর্মপ্রচারক।

**১০. কোন বানানটি শুদ্ধ?**

ক. CATASTROPHE খ. CETASTROPHE
গ. CATASTROPHEE ঘ. CATASTROFEE

উত্তর ✓ ক ব্যাখ্যা Catastrophe (N) – বিপর্যয়।

**১১. কোনটি শুদ্ধ বানান?**

ক. HETROGENUS খ. HETROGENEOUS
গ. HETEROGENUS ঘ. HETEROGENEOUS

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Heterogeneous (adj) – বিষমজাতীয়।

**১২. Still waters run deep. এখানে 'Still' শব্দটি-**

ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb

উত্তর ✓ গ ব্যাখ্যা Noun এর পূর্বে Adjective 'still' শব্দ Noun টির একটি অবস্থা প্রকাশ করেছে। প্রশ্নবাক্যে, still (নিশ্চল) waters দ্বারা 'স্রোতহীন জলধারা' বোঝানো হয়েছে।

**১৩. He kept the fast for a week. এখানে 'fast' শব্দটি-**

ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb

উত্তর ✓ ক ব্যাখ্যা বাক্যে 'fast' (উপবাস) Noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

**১৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. He will avail the opportunity.
খ. I should take leave of you.
গ. I have seen two deers.
ঘ. Television is a wonderful discovery.

উত্তর

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**১৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. Good night, how are you?
খ. Ali took admission into that college.
গ. He asked me where did I go.
ঘ. He always speaks the truth.

উত্তর ✓ ঘ ব্যাখ্যা উক্ত বাক্যটি একটি 'Habitual fact' নির্দেশ করছে এবং সেহেতু verb এর tense Present indifinite tense এ হবে।

**১৬. Glass is made — bottles. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. in খ. of
গ. with ঘ. by

উত্তর ✓ খ ব্যাখ্যা 'তৈরি' অর্থে 'made' verb এর পর preposition হিসেবে 'of' ব্যবহৃত হয়।

**১৭. Students should be attentive —— their lessons. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. in খ. with
গ. to ঘ. of

উত্তর ✓ গ ব্যাখ্যা Attentive to (adj) – কোন কিছুর প্রতি মনযোগী হওয়া।

**১৮. His words conform —— his work. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. with খ. by
গ. in ঘ. to

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Conform to (v) – সঙ্গতি রেখে চলা।

**১৯. He was convinced —— my honesty. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. with খ. of
গ. by ঘ. in উত্তর খ

**২০. The girl is expert —— drawing. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. in খ. to
গ. with ঘ. at

উত্তর ✓ ঘ ব্যাখ্যা expert at – (দক্ষ)।

**২১. 1 + 2 + 3 + 4 + ........ + 20 = কত?**

ক. 210 খ. 212
গ. 214 ঘ. 220

উত্তর ✓ ক ব্যাখ্যা সমষ্টি $= \frac{\text{শেষ পদ + ১ম পদ}}{২} \times$ পদ সংখ্যা

$= \frac{20 + 1}{2} \times 20$

$= 21 \times 10 = 210$

**২২. তিন সন্তানের বয়সের গড় ৬ বছর ও পিতাসহ তাদের বয়সের গড় ১৩ বছর হলে পিতার বয়স কত?**

ক. ৩২ বছর খ. ৩৩ বছর
গ. ৩৪ বছর ঘ. ৩৬ বছর

উত্তর ✓ গ ব্যাখ্যা পিতাসহ তিন সন্তানের মোট বয়স = (১৩ × ৪)
= ৫২ বছর

তিন সন্তানের মোট বয়স = (৬ × ৩) = ১৮ বছর
∴ পিতার বয়স = (৫২ – ১৮) = ৩৪ বছর

**২৩. একজন বোলার গড়ে ২০ রান দিয়ে ১২ উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তিনি গড়ে উইকেট প্রতি কত রান দিয়েছেন?**

ক. ১৪ খ. ১৬
গ. ১৮ ঘ. ১৯

উত্তর ✓ খ ব্যাখ্যা
১২টি উইকেট পেতে মোট রান খরচ হয় = (২০ × ১২)
= ২৪০ রান
পরবর্তীতে, ৪টি উইকেট পেতে মোট রান খরচ হয় = (৪ × ৪)
= ১৬ রান
মোট উইকেট = ১২ + ৪ = ১৬টি
মোট রান = ২৪০ + ১৬ = ২৫৬ রান
উইকেট প্রতি রান দিয়েছেন $= \frac{২৫৬}{১৬} =$ ১৬ রান

**২৪. পিতা ও মাতার বয়সের গড় ২৫ বছর। পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ১৮ বছর হলে পুত্রের বয়স কত?**

ক. ২ বছর খ. ৪ বছর
গ. ৫ বছর ঘ. ৬ বছর

উত্তর ✓ খ ব্যাখ্যা
পিতা + মাতা + পুত্রের মোট বয়স (১৮ × ৩) = ৫৪ বছর
পিতা + মাতার " " (২৫ × ২) = ৫০ বছর
পুত্রের বয়স = ৪ বছর

**২৫. একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে?**

ক. লাভ ১২% খ. লাভ ১৪%
গ. লাভ ১৬% ঘ. লাভ ১৬$\frac{১}{২}$%

উত্তর ✓ ক ব্যাখ্যা
১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা
১ " " বিক্রয়মূল্য $= \frac{৫৬}{২} =$ ২৮ টাকা।
লাভ = ২৮ – ২৫ = ৩ টাকা।
২৫ টাকায় লাভ হয় ৩ টাকা
১ " " " $\frac{৩}{২৫}$ "
১০০ " " " $= \frac{৩ \times ১০০}{২৫} =$ ১২ টাকা।

**২৬. একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। ছাগলটি আরও ৮০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত?**

ক. ৪৫০০ টাকা খ. ৫০০০ টাকা
গ. ৫৫০০ টাকা ঘ. ৬০০০ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা ক্রয়মূল্য $= \frac{\text{১০০ × বেশি বিক্রয়মূল্য}}{\text{১ম\% + ২য়\%}}$

$= \frac{১০০ \times ৮০০}{৮ + ৮}$

$= \frac{৮০০০০}{১৬}$

= ৫০০০ টাকা

**২৭. একজন দোকানদার ১ ডজন বলপেন ৬০ টাকায় ক্রয় করে ৭২ টাকায় বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে?**

ক. ১৬% খ. ১৮%
গ. ২০% ঘ. ২২%

উত্তর✓ গ ব্যাখ্যা

লাভ = ৭২ − ৬০ = ১২ টাকা।
৬০ টাকায় লাভ হয় ১২ টাকা
১ " " " $\frac{১২}{৬০}$ "
১০০ " " " $= \frac{১২ \times ১০০}{৬০} = ২০$ টাকা।

**২৮. ক ও খ একত্রে একটি কাজ ১০ দিনে শেষ করতে পারে। খ একা ১৪ দিনে কাজটি শেষ করতে পারলে ক একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?**

ক. ২৭ দিনে খ. ৩০ দিনে
গ. ৩২ দিনে ঘ. ৩৫ দিনে

উত্তর✓ ঘ ব্যাখ্যা সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}}$
$= \frac{১৪ \times ১০}{১৪ - ১০}$
$= \frac{১৪ \times ১০}{৪}$
= ৩৫ দিন

**২৯. ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক লাগবে?**

ক. ২৮ জন খ. ২৪ জন
গ. ২৬ জন ঘ. ৩০ জন

উত্তর✓ ক ব্যাখ্যা

২১ দিনে কাজটি করে ৫৬ জন
১ " " " ২১ × ৫৬ "
১৪ " " " $\frac{২১ \times ৫৬}{১৪} = ৮৪$ জন।
নতুন শ্রমিক লাগবে = ৮৪ − ৫৬ = ২৮ জন।

**৩০. একটি রাস্তা মেরামত করতে ৩৫ জন শ্রমিকের ১২ দিন লাগলে ১৪ জন শ্রমিকের কত দিন লাগবে?**

ক. ২৪ দিন খ. ২৮ দিন
গ. ৩০ দিন ঘ. ৩২ দিন

উত্তর✓ গ ব্যাখ্যা

৩৫ জন শ্রমিকের লাগে ১২ দিন
১ " " " ৩৫ × ১২ "
১৪ " " " $\frac{৩৫ \times ১২}{১৪} = ৩০$ দিন।

**৩১. দুটি রাশির অনুপাত ৫ : ১১। উত্তর রাশি ৯৯ হলে, পূর্বরাশি কত?**

ক. ৪২ খ. ৪৫
গ. ৪৮ ঘ. ৫৬

উত্তর✓ খ ব্যাখ্যা মনে করি, পূর্ব রাশি 'ক'
∴ ক : ৯৯ = ৫ : ১১
$\Rightarrow \frac{ক}{৯৯} = \frac{৫}{১১} \Rightarrow ক = \frac{৫ \times ৯৯}{১১} \Rightarrow ক = ৪৫$

**৩২. ২৪ কে ৭ : ৬ অনুপাতে বৃদ্ধি করলে নতুন সংখ্যা হবে-**

ক. ২৮ খ. ৩২
গ. ৩৫ ঘ. ৩৮

উত্তর✓ ক ব্যাখ্যা মনে করি, নতুন সংখ্যা x
∴ x : ২৪ = ৭ : ৬
$\Rightarrow \frac{x}{২৪} = \frac{৭}{৬}$
$\Rightarrow x = \frac{৭ \times ২৪}{৬}$
∴ x = ২৮

**৩৩. কোন বানানটি শুদ্ধ?**

ক. উন্মিলন খ. উন্মিলণ
গ. উন্মীলণ ঘ. উন্মীলন

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : উন্মীলন, উত্তরণ, উত্তরায়ণ, উদ্‌যাপন, উন্মেষণ, উলূক, উর্বর, উর্বশী।

**৩৪. কোনটি শুদ্ধ বানান?**

ক. রূপায়ন খ. রূপায়ণ
গ. রুপায়ন ঘ. রুপায়ণ

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : রূপায়ণ, রমণী, রামায়ণ, রোপণ, রোজনামচা, রক্তকরবী, রাবীন্দ্রিক।

**৩৫. 'যিনি অধিক কথা বলেন না।' এক কথায় কী হবে?**

ক. অল্পভাষী খ. সংযম
গ. মিতভাষী ঘ. সন্ন্যাসী

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যে সব জানে- সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে- দীপ্তিমান; যা পূর্বে দেখা যায় নি- অদৃষ্টপূর্ব; যা বলা হবে- বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই- অবিসংবাদী।

**৩৬. 'সাপের খোলস' বাক্য সংকোচন কী হবে?**

ক. নির্মোক খ. উরগ
গ. কৃত্তি ঘ. প্লাবক

উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর স্বামী বিদেশে থাকে- প্রোষিতভর্তৃকা; যে স্বামীর/ পুরুষের স্ত্রী বিদেশে থাকে- প্রোষিতপত্নীক/ প্রোষিতভার্য; মৃতের মত অবস্থা যার- মুমূর্ষু।

**৩৭. 'সৌভাগ্যের বিষয়' কোন বাগধারা দিয়ে প্রকাশ করা হবে?**

ক. পোয়াবারো খ. একাদশে বৃহস্পতি
গ. গোঁফ-খেজুরে ঘ. সৌভাগ্যবান

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : কলকে পাওয়া (পাত্তা পাওয়া); কড়ি কপালে (ভাগ্যবান); কড়িকাঠ গোনা (নিষ্কর্মা বসে থাকা); কপাল ঠুকে লাগা (প্রত্যয় নিয়ে কাজ করে)।

**৩৮. 'নীলাকাশ' কোন সমাস?**

ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ ক ব্যাখ্যা নীল যে আকাশ = নীলাকাশ (কর্মধারয় সমাস)।

**৩৯. 'বিষবৃক্ষ' কোন সমাস?**

ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ খ ব্যাখ্যা যে বৃক্ষের ফল বিষময় = বিষবৃক্ষ (কর্মধারয় সমাস)

**৪০. 'শতাব্দী' কোন সমাস?**

ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব ঘ. দ্বিগু

উত্তর ঘ ব্যাখ্যা শত অব্দের সমাহার = শতাব্দী (দ্বিগু সমাস)।

**৪১. 'স্বাগত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. স্বা + আগত খ. স্বা + গত
গ. সু + আগত ঘ. সা + আগত

উত্তর গ ব্যাখ্যা উ-কার বা উ-কারের উ, ঊ ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয়। যেমন:

| | |
|---|---|
| অনু + এষণ = অন্বেষণ | অনু + ইত = অন্বিত |
| মনু + অন্তর = মন্বন্তর | পশু + আচার = পশ্বাচার |

**৪২. 'বিচ্ছেদ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. বিঃ + ছেদ খ. বি + ছেদ
গ. বিং + ছেদ ঘ. বিচ্ + ছেদ

উত্তর খ ব্যাখ্যা স্বরধ্বনির পর ছ থাকলে, উক্ত ছ ধ্বনি চ্ছ হয়ে যায়। যেমন:

| | |
|---|---|
| পরি + ছন্ন = পরিচ্ছন্ন | মুখ + ছবি = মুখচ্ছবি |
| কথা + ছলে = কথাচ্ছলে | বি + ছিন্ন = বিচ্ছিন্ন |

**৪৩. 'উন্নত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. উৎ + নত খ. উন্নী + ত
গ. উৎ + নীত ঘ. উৎ + নিত

উত্তর ক ব্যাখ্যা আগে ত ও দ (এমনকি ধ) এবং পরে ন থাকলে ত ও দ (এমনকি ধ-ও) ন হয়ে যায় এবং পরের ন এর সঙ্গে মিলে ন্ন হয়। যেমন:

| | |
|---|---|
| উৎ + নতি = উন্নতি | জগৎ + নাথ = জগন্নাথ |
| ক্ষুধ্ + নিবৃত্তি = ক্ষুন্নিবৃত্তি | তদ্ + নিমিত্ত = তন্নিমিত্ত |

**৪৪. 'বৃষ্টি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. বিষ + তি খ. বৃ + ষ্ট
গ. বৃষ + টি ঘ. বৃষ + তি

উত্তর ঘ ব্যাখ্যা আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয়। যেমন:

| | |
|---|---|
| আকৃষ্ + ত = আকৃষ্ট | বৃষ্ + তি = বৃষ্টি |
| ষষ্ + থ = ষষ্ঠ | দ্রষ্ + তা = দ্রষ্টা |

**৪৫. Let him sing a song. - বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-**

ক. Let a song sing by him.
খ. Let a song be sung by him
গ. Let a song be sang by him
ঘ. Let a song sung by him

উত্তর খ ব্যাখ্যা 'Let' যুক্ত imperative sentence – কে Active Voice থেকে Passive Voice – এ রূপান্তরের নিয়ম: Let + sub + be + $v_3$ + by + objective form (subject of Active voice)।

**৪৬. 'Who will help you?' -বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-**

ক. By whom will you be helped?
খ. By whom you will be helped?
গ. By whom would you be helped?
ঘ. By whom you would be helped?

উত্তর ক ব্যাখ্যা 'who' যুক্ত বাক্যের Active Voice কে Passive Voice এ রূপান্তরের নিয়ম: By whom + H.V + Subject + be + $V_3$।

**৪৭. 'Do you know him?' -বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-**

ক. Is he known by you?
খ. Is he known to you
গ. Is he knew by you?
ঘ. Was he known by you? উত্তর খ

**৪৮. He said to me, "May you have wealth." - বাক্যটির indirect speech হবে-**

ক. He wished me that I might have wealth.
খ. He wished me that I might had wealth.
গ. He wished me that I should have wealth.
ঘ. He said to me that I might have wealth. উত্তর ক

**৪৯. You said to me, "You do not do your duty." - বাক্যটির indirect speech হবে-**

ক. You told me that I do not do my duty.
খ. You said to me that I did not do my duty.
গ. You said to me that I do not do my duty.
ঘ. You told me that I did not do my duty. উত্তর ঘ

**৫০. Brief- এর সমার্থক শব্দ কোনটি?**

ক. Profuse খ. Eloquent
গ. Short ঘ. Copious উত্তর গ

**৫১. Latent- এর সমার্থক শব্দ কোনটি?**

ক. Concealed খ. Evident
গ. Visible ঘ. Conspicious

উত্তর ক ব্যাখ্যা

| | |
|---|---|
| Latent (adj) – সুপ্ত | concealed (adj) – লুক্কায়িত |
| visible (adj) – দৃশ্যমান | conspicuous(adj) – স্পষ্ট |
| Evident (adj) – স্পষ্ট | |

**৫২. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১২০° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে-**

ক. ৫ খ. ৬
গ. ৮ ঘ. ১০

উত্তর খ ব্যাখ্যা আমরা জানি,

$$\text{অন্তঃস্থ কোণের পরিমাণ} = \frac{n-২}{n} \times ১৮০°$$

$$\Rightarrow ১২০° = \frac{n-২}{n} \times ১৮০°$$

$$\Rightarrow ১৮০°n - ৩৬০° = ১২০°n$$

$$\Rightarrow ১৮০°n - ১২০°n = ৩৬০°$$

$$\Rightarrow ৬০°n = ৩৬০°$$

$$\Rightarrow n = \frac{৩৬০°}{৬০°}$$

$$\Rightarrow n = ৬$$

**৫৩. কিসের তারতম্য থেকে আবহাওয়ার অবস্থা জানা যায়?**

ক. জলবায়ু খ. আর্দ্রতা
গ. বৃষ্টিপাত ঘ. বায়ুচাপ

উত্তর ঘ ব্যাখ্যা কোন স্থানের বায়ুর তাপ, উষ্ণতা, তাপ, আর্দ্রতা, মেঘ, বৃষ্টি, বরফপাত, জলীয় বাষ্পের পরিমাণ, বায়ুপ্রবাহ প্রভৃতির দৈনন্দিন অবস্থাকে সে স্থানের আবহাওয়া বলে। বায়ু তার ওজনের জন্য চতুর্দিকে যে চাপ দেয়, তাকে বায়ুর চাপ বলে। বায়ুচাপ থেকে আবহাওয়ার তারতম্য জানা যায়।

**৫৪. ইউনেস্কো (UNESCO) প্রতিষ্ঠিত হয় কত সালে?**

ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৬ সালে
গ. ১৯৪৭ সালে ঘ. ১৯৪৮ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা United Nations Educational, Scientific and Cultural Organization (UNESCO) প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ১৬ নভেম্বর। ইউনেস্কোর সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। বর্তমান সদস্য সংখ্যা ১৯৫ টি, সর্বশেষ ফিলিস্তিন। UNESCO-এর প্রধানের পদবি মহাপরিচালক।

**৫৫. জাতিসংঘের প্রথম মহাসচিব কে ছিলেন?**

ক. কফি আনান খ. হ্যামারশেল্ড
গ. ট্রিগভেলি ঘ. বান কি মুন

উত্তর ✓ গ ব্যাখ্যা জাতিসংঘের প্রধানের পদবি মহাসচিব (সেক্রেটারি জেনারেল)। মহাসচিব পদের মেয়াদ বর্তমানে ৫ বছর। জাতিসংঘের প্রথম মহাসচিব নরওয়ের নাগরিক ট্রাগভেলাই। তিনি ১৯৪৬ – ১৯৫২ সালে মহাসচিবের দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি নরওয়ের পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করেছিলেন।

**৫৬. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?**

ক. ১৯৭৪ খ. ১৯৭৫
গ. ১৯৭৬ ঘ. ১৯৭৭

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশ জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে সদস্যপদ লাভ করে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে। বাংলাদেশের সাথে একই দিনে সদস্যপদ লাভ করে গ্রানাডা ও গিনি বিসাউ। তিনটি দেশের নামের ইংরেজি বর্ণানুক্রমে বাংলাদেশ ১৩৬তম গ্রানাডা, ১৩৭তম এবং গিনি বিসাউ ১৩৮তম সদস্যপদ লাভ করে।

**৫৭. 'অপরাজেয় বাংলা' কী?**

ক. মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রকর্ম খ. মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য
গ. মুক্তিযুদ্ধভিত্তিক ম্যুরালচিত্র ঘ. একটি মুক্তিযুদ্ধ বিষয়ক স্থাপনা

উত্তর ✓ খ ব্যাখ্যা 'অপরাজেয় বাংলা' কোনো শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত প্রথম ভাস্কর্য। ভাস্কর্যটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত একটি মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য। এর ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালেদ। ১৯৭৯ সালের ১৬ ডিসেম্বর ভাস্কর্যটি উদ্বোধন করেন একজন অজ্ঞাত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা।

**৫৮. নিম্নলিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?**

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{৫}{৯}$ ঘ. $\frac{৭}{১২}$

উত্তর ✓ খ ব্যাখ্যা $\frac{২}{৩}$ = ০.৬৬, $\frac{৩}{৪}$ = ০.৭৫, $\frac{৫}{৯}$ = ০.৫৫ এবং $\frac{৭}{১২}$ = ০.৫৮। উক্ত ফলাফল সমূহের মধ্যে $\frac{৩}{৪}$ = ০.৭৫ বৃহত্তম।

**৫৯. বাংলাদেশে প্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা চালু হয় কবে?**

ক. ১৯৯০ সালে খ. ১৯৯১ সালে
গ. ১৯৯২ সালে ঘ. ১৯৯৩ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশে প্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা চালু হয় ৪ জানুয়ারি ১৯৯০ সালে।

**৬০. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়?**

ক. ৮টি খ. ৯টি
গ. ১১টি ঘ. ১২টি

উত্তর ✓ গ ব্যাখ্যা ১০ এপ্রিল ১৯৭১ বাংলাদেশকে ৪ টি যুদ্ধাঞ্চলে বিভক্ত করা হয়। ১১ জুলাই ১৯৭১ মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এম এ জি ওসমানী বাংলাদেশকে ১১ টি সেক্টরে বিভক্ত করেন। ঢাকা শহর ছিলো ২ নং সেক্টরের অধীন।

**৬১. সৌরজগতের বৃহত্তম গ্রহ কোনটি?**

ক. বুধ খ. বৃহস্পতি
গ. মঙ্গল ঘ. শুক্র

উত্তর ✓ খ ব্যাখ্যা রোমান দেবতা জুপিটারের নামানুসারে বৃহস্পতির নামকরণ করা হয়। এটি সৌরজগতের বৃহত্তম গ্রহ। তাই একে গ্রহরাজ বলা হয়। আয়তনে পৃথিবীর প্রায় ১৩০০ গুণ বড়। এর ১৬টি উপগ্রহ আছে।

**৬২. ভারত-শ্রীলঙ্কাকে পৃথক করেছে কোন প্রণালি?**

ক. ডোভার প্রণালি খ. বেরিং প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. পক প্রণালি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা পক প্রণালি ভারত ও শ্রীলংকার মাঝে অবস্থিত। এটি ভারত মহাসাগর ও আরব সাগরকে সংযুক্ত করেছে। প্রণালিটি ৬৪-১৩৭ কিলোমিটার প্রশস্ত। ব্রিটিশ ভারতের মাদ্রাজ প্রেসিডেন্সির গভর্নর রবার্ট পকের নামে এই প্রণালির নামকরণ করা হয়েছে।

**৬৩. কোনটি মৌলিক পদার্থ?**

ক. চিনি খ. নিয়ন
গ. লবণ ঘ. পানি

উত্তর ✓ খ ব্যাখ্যা যে সকল বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে ঐ পদার্থ ছাড়া অন্য কোন পদার্থ পাওয়া যায় না তাকে মৌলিক পদার্থ বলে। যেমন: লোহা, তামা, নিয়ন। পৃথিবীর মৌলিক পদার্থের সংখ্যা ১১৮টি।

**৬৪. কোন রঙের বস্তু তাপ শোষণ কম করে?**

ক. সাদা খ. কালো
গ. বেগুনি ঘ. হলুদ

উত্তর ✓ ক ব্যাখ্যা সাদা রঙের বস্তু সব বর্ণকেই প্রতিফলিত করে। কালো রঙের বস্তু সব বর্ণকেই শোষণ করে। তাই ট্রাফিক পুলিশ গরমের হাত থেকে রক্ষা পেতে সাদা রঙের পোশাক পরে।

**৬৫. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?**

ক. শূন্যতায় খ. কঠিন পদার্থে
গ. তরল পদার্থে ঘ. বায়বীয় পদার্থে

উত্তর ✓ খ ব্যাখ্যা কোনো মাধ্যমে শব্দ প্রতি সেকেন্ডে যতটুকু দূরত্ব অতিক্রম করে তাকে শব্দের বেগ বলে। কঠিন মাধ্যমে শব্দের বেগ বেশি। কঠিন > তরল > বায়বীয়।

**৬৬. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?**

ক. তামা খ. দস্তা
গ. অ্যালুমিনিয়াম ঘ. সীসা

উত্তর ✓ গ ব্যাখ্যা অশ্মমণ্ডলের উপরিভাগে অবস্থিত পৃথিবীতে শিলার যে কঠিন বহিরাবরণ দেখা যায় তাকে ভূ-ত্বক বলে। ভূ-ত্বকের প্রধান উপাদান অক্সিজেন (৪২.৭%) সিলিকন (২৭.৭%), অ্যালুমিনিয়াম (৮.১%), লৌহ (৫.১%), ক্যালসিয়াম (৩.৭%)।

১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে

ভিজিট করুন www.exambd.net



**৬৭. নিচের কোন যৌগটি 'ভিটামিন সি'?**

ক. অ্যাসকরবিক এসিড খ. সাইট্রিক এসিড

গ. অ্যাসিটিক এসিড ঘ. অক্সালিক এসিড

উত্তর ✓ ক ব্যাখ্যা টকজাতীয় ফল ও শাকসবজিতে ভিটামিন সি পাওয়া যায়। ভিটামিন সি অ্যাসকরবিক এসিড নামে পরিচিত যা পানিতে দ্রবণীয়।

**৬৮. কোনটি সাবানকে শক্ত করে?**

ক. সোডিয়াম কার্বনেট খ. সোডিয়াম সালফেট

গ. সোডিয়াম ক্লোরাইড ঘ. সোডিয়াম সিলিকেট

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সোডিয়াম সিলিকেট স্বচ্ছ আঠার মতো জিনিস। সাবানকে শক্ত ও ভারী করার জন্য এটি ব্যবহার করা হয়।

**৬৯. বিলিরুবিন তৈরি হয়-**

ক. কিডনিতে খ. যকৃতে

গ. পিত্ত থলিতে ঘ. প্লীহায়

উত্তর ✓ খ ব্যাখ্যা বিলিরুবিন এক ধরনের বর্জ্য পদার্থ যা পিত্তরসের মাধ্যমে শরীর থেকে বের হয়। এটি তৈরি হয় শরীরের যকৃতে। বিলিরুবিনের মাত্রা বেড়ে যাওয়াকে জন্ডিস বলা হয়।

**৭০. গাছের পাতা পীত বর্ণ ধারণ করে কীসের অভাবে?**

ক. নাইট্রোজেন খ. ম্যাগনেশিয়াম

গ. আয়রন ঘ. পটাশিয়াম

উত্তর ✓ ক ব্যাখ্যা উদ্ভিদের জন্য ১৬টি মৌল অপরিহার্য। এদের মধ্যে নাইট্রোজেনের অভাব হলে পাতাগুলো পীত বর্ণ ধারণ করে। কারণ তখন ক্লোরোফিল সৃষ্টিতে বিঘ্ন ঘটে।

**৭১. মানুষের ক্রোমোসোমের সংখ্যা কত?**

ক. ১৮ জোড়া খ. ২০ জোড়া

গ. ২২ জোড়া ঘ. ২৩ জোড়া

উত্তর ✓ ঘ ব্যাখ্যা নিউক্লিয়াসে সুতার ন্যায় লম্বা জট পাকানো তন্তু সমূহকে ক্রোমোজোম বলে। মানুষের ২৩ জোড়া ক্রোমোজোম থাকে। এর মধ্যে ২টি সেক্স ক্রোমোজোম ও ২২ জোড়া অটোসোম।

**৭২. বিশ্বকাপ ফুটবল খেলা হয় প্রথম শুরু হয়-**

ক. ১৯৩০ সালে খ. ১৯৩১ সালে

গ. ১৯৩২ সালে ঘ. ১৯৩৪ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা প্রথম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে। তখন এই ট্রফির নাম ছিল 'জুলেরিমে কাপ'। বিশ্বকাপ ফুটবলের বর্তমান ট্রফির নাম 'ফিফা ওয়ার্ল্ড কাপ'। বিশ্বকাপ ফুটবল ৪ বছর পর পর অনুষ্ঠিত হয়। ২১তম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ২০১৮ সালে রাশিয়ায়। ২২তম বিশ্বকাপ অনুষ্ঠিত হবে কাতার।

**৭৩. ১৯৩০ সালে অনুষ্ঠিত প্রথম বিশ্বকাপ ফুটবল চ্যাম্পিয়ন দেশ-**

ক. ব্রাজিল খ. উরুগুয়ে

গ. ফ্রান্স ঘ. ইংল্যান্ড

উত্তর ✓ খ ব্যাখ্যা ১৯৩০ সালে উরুগুয়েতে অনুষ্ঠিত বিশ্বকাপে অংশগ্রহণ করে মোট ১৩ টি দল। চ্যাম্পিয়ন হয় উরুগুয়ে এবং রানার্সআপ আর্জেন্টিনা। প্রথম বিশ্বকাপে অংশগ্রহণ করা অন্য দলগুলো হচ্ছে- ব্রাজিল, বেলজিয়াম, বলিভিয়া, চিলি, ফ্রান্স, মেক্সিকো, প্যারাগুয়ে, পেরু, রুমানিয়া, যুক্তরাষ্ট্র ও যুগোশ্লাভিয়া।

**৭৪. বায়ুর আর্দ্রতা পরিমাপ করার যন্ত্রের নাম কী?**

ক. এ্যাভোমিটার খ. ব্যারোমিটার

গ. হাইগ্রোমিটার ঘ. অ্যামিটার

উত্তর ✓ গ ব্যাখ্যা বায়ুতে জলীয় বাষ্পের উপস্থিতিকে বায়ুর আর্দ্রতা বলে। বায়ুর আর্দ্রতা পরিমাপক যন্ত্রের নাম হাইগ্রোমিটার।

**৭৫. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মোগল সুবেদার কে ছিলেন?**

ক. ইসলাম খান খ. শায়েস্তা খান

গ. ইব্রাহীম খান ঘ. মীর জুমলা

উত্তর ✓ ক ব্যাখ্যা মুঘল সম্রাট জাহাঙ্গীর, ইসলাম খানকে বাংলার সুবেদার নিযুক্ত করেন। ইসলাম খান ১৬১০ সালে বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকার নাম রাখেন 'জাহাঙ্গীরনগর'। এর পরে ১৬৬০, ১৯০৫, ১৯৪৭ ও ১৯৭১ সালে ঢাকা রাজধানীর মর্যাদা লাভ করে।

**৭৬. ময়মনসিংহ জেলার পূর্ব নাম-**

ক. জালালাবাদ খ. ইসলামাবাদ

গ. নাসিরাবাদ ঘ. সিংহগ্রাম

উত্তর ✓ গ ব্যাখ্যা

| বর্তমান নাম | প্রাচীন নাম |
|---|---|
| সিলেট | শ্রীহট্ট, জালালাবাদ |
| চট্টগ্রাম | ইসলামাবাদ, শাতিলগঞ্জ |
| ময়মনসিংহ | নাসিরাবাদ |
| জামালপুর | সিংহজানী |

**৭৭. তালিবাবাদ উপগ্রহ ভূ-কেন্দ্রটি চালু হয়-**

ক. ১৯৮০ সালে খ. ১৯৮১ সালে

গ. ১৯৮২ সালে ঘ. ১৯৯৩ সালে

উত্তর ✓ গ ব্যাখ্যা উপগ্রহ ভূ-কেন্দ্র ব্যবহৃত হয় আন্তর্জাতিক টেলিযোগাযোগের মাধ্যম হিসেবে। বর্তমানে বাংলাদেশে উপগ্রহ ভূ-কেন্দ্র রয়েছে ৪টি। বেতবুনিয়া, তালিবাবাদ, মহাখালী ও সিলেট উপগ্রহ ভূ-কেন্দ্র। তালিবাবাদ উপগ্রহ ভূ-কেন্দ্রটি চালু হয় ১৯৮২ সালে।

**৭৮. তালিবাবাদ কোন জেলায় অবস্থিত?**

ক. নরসিংদী খ. খুলনা

গ. দিনাজপুর ঘ. গাজীপুর

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

| উপগ্রহ ভূ-কেন্দ্র | অবস্থান | স্থাপিত |
|---|---|---|
| বেতবুনিয়া | কাউখালী, রাঙামাটি | ১৯৭৫ |
| তালিবাবাদ | কালিয়াকৈর, গাজীপুর | ১৯৮২ |
| মহাখালী | ঢাকা | ১৯৯৫ |
| সিলেট | সিলেট | ১৯৯৭ |

**৭৯. বাংলাদেশের জ্বালানি তৈল শোধনাগারটি অবস্থিত-**

ক. ঢাকায় খ. চট্টগ্রাম

গ. খুলনায় ঘ. সিলেটে

উত্তর ✓ খ ব্যাখ্যা ইস্টার্ন রিফাইনারি লিমিটেড বাংলাদেশের একমাত্র জ্বালানি তৈল শোধনাগার। শোধনাগারটি চট্টগ্রামে কর্ণফুলী নদীর তীরে অবস্থিত। ১৯৬৩ সালে প্রকল্পটির নির্মাণ কাজ শুরু হয় এবং ১৯৬৮ সালে পরিশোধন কেন্দ্রটিতে উৎপাদন কার্যক্রম শুরু হয়।

**৮০. বাংলাদেশে একমাত্র অস্ত্র তৈরি কারখানাটি অবস্থিত-**

ক. গাজীপুরে খ. ঢাকা জেলায়

গ. চট্টগ্রাম জেলায় ঘ. রাজশাহী জেলায়

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের একমাত্র অস্ত্র তৈরির কারখানা 'বাংলাদেশ সমরাস্ত্র কারখানা'। বাংলাদেশ সেনাবাহিনী নিয়ন্ত্রণাধীন কারখানাটি গাজীপুরে অবস্থিত। ১৯৭০ সালে এটির উদ্বোধন করা হয়।